# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## নির্বাহী প্রকৌশলীর দপ্তর
### পাবনা পওর বিভাগ
চক-ছাতিয়ানী, পাবনা।
e-mail: xenbwdbpabna@gmail.com, web: www.bwdb.gov.bd


স্মারক নং- ই-২/১৮১০ তারিখঃ ৩০-০৭-২০২৪ খ্রিঃ।

**"সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ক্রয় ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১৯; তারিখঃ ১২/০১/২০২২ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/-(পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনার অনুকূলে অত্র দপ্তরের সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে হবে। আগ্রহী ব্যক্তিবর্গকে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্র সহ আগামী ২৮-০৭-২০২৪ খ্রিঃ হতে ২৭-০৮-২০২৪ খ্রিঃ পর্যন্ত সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের সাধারন শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

**ঠিকাদার/সরবরাহকারী নবায়নের আবেদনের তফসিল ঃ**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ও নবায়নের ধরণ | তালিকাভূক্তির ও নবায়ন আরম্ভের তারিখ | তালিকাভূক্তির ও নবায়ন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ঠিকাদার/সরবরাহকারী ২০২৪-২০২৫ অর্থ বছরের তালিকাভূক্তি ও নবায়ন | ৩০-০৭-২০২৪ খ্রিঃ | ২৯-০৮-২০২৪ খ্রিঃ |

**ঠিকাদার/তালিকাভূক্তির (কার্য-ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলী ঃ**

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩। ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ/বিবরণী, ৪। জাতীয় পরিচয়পত্র, ৫। পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, ৬। প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, ৭। ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/-(তিনশত) টাকার স্টাম্পের অঙ্গিকার নামা, ৮। অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ২। | আবেদন ফি | ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংকড্রাফট হিসাব রক্ষন অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনার অনুকূলে অত্র দপ্তরের সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে আবেদন (ডকুমেন্ট) সংগ্রহ করতে হবে। |
| ৩। | তালিকাভূক্তি নিবন্ধন ফি (প্রাথমিক মূল্যায়নের উর্ত্তীনের পরে) | নিবন্ধন ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংকড্রাফট হিসাব রক্ষন অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনার অনুকূলে অত্র দপ্তরের সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

**ঠিকাদার/নবায়নের প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| ২। | নবায়ন ফি | নিবন্ধন ফি ২০০০/- (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংকড্রাফট হিসাব রক্ষন অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনার অনুকূলে অত্র দপ্তরের সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারী আবেদনপত্র যাচাই বাছাই স্বপক্ষে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

৩০.০৭.২৪

(অমিতাভ চৌধুরী)
নির্বাহী প্রকৌশলী (অঃদাঃ)
পাবনা পওর বিভাগ
বাপাউবো, পাবনা।

E:UDA/LTM-2024-2025/Office Order.doc 1

CamScanner

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## নির্বাহী প্রকৌশলীর দপ্তর
পাবনা পওর বিভাগ
চক-ছাতিয়ানী, পাবনা।
e-mail: xenbwdbpabna@gmail.com, web: www.bwdb.gov.bd


স্মারক নং- ই-২/১৮১০/১(১৩) তারিখঃ ৩০-০৭-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

০১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (**বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো**)।
০৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীণ রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
০৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো,পানি ভবন, ঢাকা।
০৭। জেলা প্রশাসক, পাবনা।
০৮। নির্বাহী প্রকৌশলী, পাবনা যান্ত্রিক পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা।
০৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা/কাশিনাথপুর/ডেমরা পওর উপ-বিভাগ, বাপাউবো, পাবনা।
১০। হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, পাবনা।
১১। প্রাক্কলনিক, পাবনা পওর বিভাগ, বাপাউবো, পাবনা।
১২। হিসাব শাখা, পাবনা পওর বিভাগ, বাপাউবো, পাবনা।
১৩। অফিস কপি।

30.07.24

নির্বাহী প্রকৌশলী
পাবনা পওর বিভাগ
বাপাউবো, পাবনা।



CamScanner